



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪.১৫৬

তারিখ: ১১ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪(চার) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-মেরিন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার, ডিপ্লোমা-ইন-ফরেস্ট্রি, ডিপ্লোমা-ইন-ফিশারিজ, ডিপ্লোমা-ইন-লাইভস্টক এবং ২ (দুই) বছর মেয়াদি সার্টিফিকেট-ইন-মেরিন ট্রেড কোর্স শিক্ষাক্রমের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের বিভিন্ন পর্যায়ের ফলাফলে চাপ্স প্রাপ্ত শিক্ষার্থী যারা সঠিক সময়ে নিশ্চায়ন করতে পারে নাই শুধুমাত্র তাদের নতুন করে আবেদন এবং অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থীদের পছন্দক্রম পরিবর্তনের সময় ৩০.০৯.২০২৪ হতে ০২.১০.২০২৪ খ্রি: পর্যন্ত। তদপ্রেক্ষিতে ৭ম পর্যায়ের ফলাফল ০৩.১০.২০২৪ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় প্রকাশিত হবে। ৭ম পর্যায়ের ফলাফলে চাপ্স প্রাপ্ত শিক্ষার্থীদের নিশ্চায়ন ০৩.১০.২০২৪ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা হতে ০৫.১০.২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন ও নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে।

অপেক্ষমান তালিকায় থাকা শিক্ষার্থী হতে ৮ম পর্যায়ের ফলাফল ০৬.১০.২০২৪ ইং তারিখ সকাল ১০ ঘটিকায় প্রকাশিত হবে। ৮ম পর্যায়ের ফলাফলে চাপ্স প্রাপ্ত শিক্ষার্থীদের নিশ্চায়ন ০৬.১০.২০২৪ তারিখ হতে ০৭.১০.২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। অন্যথায় আবেদন ও নিশ্চায়ন বাতিল বলে গণ্য হবে।

৭ম ও ৮ম পর্যায়ের নিশ্চায়নকৃত শিক্ষার্থী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে এসএসসি পরীক্ষার মূল নম্বরপত্র, সদ্য তোলা ছবি (৩ কপি), প্রশংসাপত্র (ফটোকপি) জমা প্রদান সাপেক্ষে ০৮.১০.২০২৪ তারিখের মধ্যে স্ব শরীরে উপস্থিত হয়ে প্রাতিষ্ঠানিক ভর্তি সম্পন্ন করতে হবে। প্রতিষ্ঠানসমূহকে ভর্তির সময় শিক্ষার্থী **Confirmed List-** এ আছে কিনা তা যাচাই করে ভর্তি করতে হবে। এর পরে আর কোন ফলাফল প্রকাশ করা হবে না।

ভর্তি আবেদন ফি প্রদান পদ্ধতিসহ আবেদন ও নিশ্চায়নের নিয়মাবলি ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.btebadmission.gov.bd) পাওয়া যাবে। ভর্তি বিষয়ক যে কোন তথ্য জানতে অফিস চলাকালিন সময়ে ০১৩২২৮৩০৩০৮ ও ০১৩২২৮৩০৩০৯ নম্বরে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।


(মো: আল মাসুদ করিম)


সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৪.১৫৬(১১)

তারিখ: ২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৪-০৭. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইসিটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. অধ্যক্ষ, বর্ণিত শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
০৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. নথি।


(প্রকৌশলী মোঃ ফারুক রেজা)

কারিকুলাম বিশেষজ্ঞ (দা.ভোক:)
ও সমন্বয়ক

ডিপ্লোমা ও উচ্চ মাধ্যমিক পর্যায় ভর্তি কার্যক্রম
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।